# অক্টোবর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : আনোয়ারুল ইসলাম
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।
তারিখ : ২৬/১০/২০২৩খ্রি.।
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
আলোচ্য মাস: : সেপ্টেম্বর/২০২৩খ্রি. ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত **২৫/০৯/২০২৩খ্রি.** তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি নিয়মিত স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। কোন ইউপি থেকে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার দুঃখ প্রকাশ করেন। তিনি ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিররণী নির্বাহী অফিসারের কার্যালয়ে পেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**সভাপতির আহবানে উপস্থিত জনপ্রতিনিধিগণ পর্যায়ক্রমে নিম্নোক্তভাবে তাদের বক্তব্য পেশ করেন ঃ**

**আলোচনাঃ**

১। জনাব মো: আব্দুল মজিদ চেয়ারম্যান কুর্শা ইউনিয়ন পরিষদ তাঁর ইউনিয়নে জনাব মো: আইয়ুব আলী, এর মহল্লাদার হতে দফাদার পদে নিয়োগের আদেশ হওয়ায় উপজেলা পরিষদ কমিটি ও নিয়োগ কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান যে এর ফলে ১নং ওয়ার্ডে ০১(এক)জন মহল্লাদার পদ শুন্য হয়েছে, তিনি শুন্য পদে মহল্লাদার নিয়োগের অনুরোধ জানান।

তিনি ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা শহর(নন-মিউনিসি পালমাষ্টার প্লান প্রণয়ন ও মৌথিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প)UTMIDP প্রকল্পের আওতায় (ক) Dorimodon GPS - R&H via Tabarok Member.at Ch. 00 to 590)=590 মিটার রাস্তা বাস্তবায়ন।(Road ID- 185425089),(খ) B M Collage more - Sibuchowrapara bazar via Kasem bazar (SRIIP) road. at (Ch. 1000 to 1800m) =800 মিটার রাস্তা বাস্তবায়ন প্রকল্প Road ID- 185425101) (গ) H/O Nasiutulla master (Bahagelimouza) - SRIIP road H/O Alampanati. (Ch. 00 to 785m)=785 মিটার রাস্তা বাস্তবায়ন। (Road ID-185425106) (ঘ) Polic box R&H - H/O paku UNR road. (Ch. 00 to 825m)=825 মিটার রাস্তা বাস্তবায়ন (Road ID-185425138)(ঙ) Rajib-RajibMalekMohon House at (Ch. 00 to532m)=532 মিটার রাস্তা বাস্তবায়ন। (Road ID-185425013) (চ) Tokipal bazar to Benter bazar Road এ1150মমিটার চেইনে জে উপজেলা পরিষদ থেকে নির্মিত (2 X 1.50 X 1.50Dia) Pipe Culvert এর স্থানে রাস্তা বর্ষায় ভেঙ্গে যাওয়া ও উক্ত চেইনেজে স্থায়ি সমাধানের জন্য(2 X 4.00 X 4.00)RCC Box Culvert বাস্তবায়ন।(Road ID-185425065) (ছ) শিবু উচ্চ বিধ্যালয়ে টয়লেট নির্মাণ, বড়ুয়াহাট উচ্চ বিদ্যালয়ে টয়লেট নির্মাণ এবং বাহাগিলি কেরামতিয়া আলিম মাদ্রাসায় টয়লেট নির্মাণ প্রকল্প সভায় অনুমোদন ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ**

১। কুর্শা ইউনিয়নে ১নং ওয়ার্ডে ০১(এক)জন মহল্লাদার শুন্যপদে নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট নিয়োগ কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

২। ২০২২-২০২৩ অর্থ বছরের উপরিল্লিখিত ক,খ,গ,ঘ ঙ, চ,ও ছ প্রকল্প সমূহ সভায় অনুমোদন করা হয়, এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী সরকারী বিধি অনুসরণ পূর্বক ব্যবস্থা নিবেন।

আলোচনা:

২। জনাব মো: আনছার আলী, চেয়ারম্যান, ৫নং বালাপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদে ০১নং ওয়ার্ডে ০১(এক)জন মহল্লাদার পদ বেশ কিছুদিন হতে শুন্য রয়েছে। তিনি শুন্যপদে মহল্লাদার নিয়োগের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : বালাপাড়া ইউনিয়নে ১নং ওয়ার্ডে ০১(এক)জন মহল্লাদার শূন্যপদে নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট নিয়োগ কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

বিভাগ ভিত্তিক আলোচনা :

১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | রবি মৌসুমে বোরো ফসল আবাদের জন্য অতিরিক্ত সারের ব্যবস্থা রাখতে হবে। এছাড়া চর এলাকায় উপজেলা পরিষদের সহায়তায় মিষ্টি কুমড়া চাষের পাশাপাশি তরমুজ চাষে আগ্রহী কৃষকের তালিকা তৈরির কাজ চলমান।উপজেলা পরিষদ থেকে ইতিমধ্যে ১৫ লক্ষ টাকার বীজ উপকরন সহায়তা বাবদ প্রদান করার সিদ্ধান্ত হয়েছে। রবি মৌসমে প্রনোদণা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | আলোচ্য বিষয় সমুহ দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | সেপ্টেম্বর ২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | সেপ্টেম্বর ২০২৩ খ্রি. মাসের অগ্রগতি আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

<table>
<tr>
<td>৫.</td>
<td>সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা</td>
<td>
<table>
<tr><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্লানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>সেপ্টেম্বর/২০২৩</td><td>৬৬৭</td><td>৮৩</td><td>৫৪৭</td><td>০৪</td><td>৫৪</td><td>০১</td><td>০১</td><td>১৩৫৭</td></tr>
</table>
১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কতৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ন এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষে ২০১৫ সাল হতে ই-এমআইএস কার্যক্রম গ্রহন করা হয়। ইতিমধ্যে ৬ টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য,সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>
২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬ টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>
৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>
৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWVI ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>
৫।উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৪ জন।<br>
৬।বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td>
</tr>
</table>

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, কুর্শা ইউনিয়নে মীরবাগ হাটে ড্রেণ ও টয়লেট নির্মাণের কাজটি জরুরী হওয়ায় হাট-বাজার হাট-বাজার উন্নয়ন (১০%)খাত হতে আরএফকিউ এর মাধ্যমে প্রকল্প গ্রহণ করে =২,৫০,০০০/-টাকা ব্যয় করা হয়েছে। তিনি সভায় ব্যয়কৃত টাকার ভূতাপক্ষ অনুমোদনের জন্য পেশ করেন।<br>(খ)সভায় তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ চত্বরে আবাসিক ভবনে ল্যাট্রিন সংস্কার কাজটি জরুরী হওয়ায় আরএফকিউ এর মাধ্যমে সমাপ্ত করে= ১,৫০,০০০/-টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় পরিশোধ করা হয়েছে। ব্যয়কৃত টাকা ভূতাপক্ষ অনুমোদনের জন্য সভায় পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে (ক) কুর্শা ইউনিয়নে মীরবাগ হাটে ড্রেণ ও টয়লেট নির্মাণে কাজটি হাট-বাজার উন্নয়ন ১০% হতে আরএফকিউ এর মাধ্যমে সমাপ্তকৃত কাজের ব্যয়=২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার)টাকা ভূতাপক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ)উপজেলা পরিষদ চত্বরে আবাসিক ভবনে ল্যাট্রিণ সংস্কার সমাপ্তকৃত কাজের ব্যয় রাজস্ব তহবিল (বাসাবাড়ি) খাত হতে ১,৫০,০০০/(এক লক্ষ পঁঞ্চাশ হাজার)টাকা ভূতাপক্ষ ভাবে ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, শিক্ষা মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী আগামী ১০ নভেম্বর ২০২৩ খ্রি পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান কার্যক্রম চলবে। বার্ষিক পরীক্ষা মাধ্যমিক বিদ্যালয় সমুহে ১৩ নভেম্বর ২০২৩ খ্রি এবং মাদ্রাসা সমুহে ১২ নভেম্বর ২০২৩ খ্রি থেকে শুরু হয়ে তা শেষ হবে ৩০ নভেম্বর ২০২৩ খ্রি। সারা দেশের ন্যয় অত্র উপজেলায় ২০২৪ সালে বিনা মূল্যে বিতরণের জন্য পাঠ্যপুস্তক আসা শুরু হয়েছে। সকল ক্লাসের পাঠ্যপুস্তক আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরবরাহ করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ভি-ডাব্লিউ বি খাদ্য উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসুচির আওতায় জুলাই মাস হতে প্রতি ইউনিয়নে ৬ জনকে বরাদ্দ অনুযায়ী বিভাজন ও অনুমোদন দেয়া হয়েছে।যে সকল ভাতাভোগী সঠিক ভাবে টাকা পাচ্ছেনা,তাদের লিখিত আবেদন সংগ্রহ করে প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ করেন। | যে সকল ভাতাভোগী সঠিক ভাবে টাকা পাচ্ছে না, তাদের লিখিত আবেদন সংগ্রহ করে প্রেরনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ হয়। | সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | সেপ্টেম্বর/২০২৩ খ্রি.মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বহিঃবাংলাদেশে ছুটিতে থাকায় সভায় অনুপস্থিত। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী ১লা নভেম্বর/২৩ যুব দিবস উদযাপিত হবে। যুব দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন । | আগামী ১লা নভেম্বর/২৩ যুব দিবসে সকলকে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশিষ্ট সকল ও উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। দল গঠন সঞ্চয় আদায় ও ঋন বিতরন ও আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।সুফলভোগী সদস্যদের ০৩দিন ব্যাপি গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। কিশোরীদের সঞ্চয় ও সচেতনামূলক প্রশিক্ষন চলমান। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে,উপজেলা সমবায় অফিসার কোন কার্যপত্র দাখিল করেননি। আগামী ৪ নভেম্বর ৫২তম জাতীয় সমবায় দিবস/২৩ উদযাপন হবে। তিনি সকলকে উপস্থিত থাকার অনুরোধ করেন। | আগামী ৪ নভেম্বর ৫২তম জাতীয় সমবায় দিবস/২৩ সকলে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশিষ্ট সকল ও উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ : :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপ-সহকারী প্রকৌশল জনসাস্থ্য (অতিঃদাঃ)সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপ- প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

**বিবিধ :**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, কুর্শা ইউনিয়ন পরিষদে জনাব মোঃ আইয়ুব আলী কে মহল্লাদার হতে দফাদার পদে পদোন্নতির জন্য গত-১০/১০/২৩খ্রি. তারিখে মহল্লাদার/দফাদার নিয়োগ-পদোন্নতি বাছাই কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে। তিনি সভায় পদোন্নতি বিষয়টি পরিষদের সদস্যদের সভায় অবগতির জন্য উপস্থাপন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গত-১০/১০/২৩খ্রি. তারিখে মহল্লাদার/দফাদার নিয়োগ- পদোন্নতি বাছাই কমিটির সুপারিশকৃত জনাব মোঃ আইয়ুব আলীকে মহল্লাদার পদ হতে দফাদার শুন্যপদে পদোন্নতির বিষয়টি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। জনাব মোঃ আইয়ুব আলীকে দফাদার পদে নিয়োগ আদেশ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও সভাপতি উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা কাউনিয়া, রংপুর অদ্যকার সভায় আলোচ্য বিষয় উপর আলোচনা করেন। বলেন যে, জনপ্রতিনিধিগণ সভায় যে বিষয়গুলি উপর আলোচনা করেন। আলোচ্য বিষয়ের উপর সর্বাত্বক গুরুত্ব দেয়ার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণকে দিক নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন বর্তমান সরকার জনবান্দব সরকার, সরকার জনগণের সুবিধার্থে প্রতি দপ্তরে যথেষ্ট বরাদ্দ প্রদান করছেন । সরকারিভাবে যে বিরাদ্ধ বিভিন্ন দপ্তরে আসে সেগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশিষ্ট সকলকে অনুরোধ করেন। সরকারী বিধি-বিধান অনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ডে সকল জনপ্রতিনিধি বিভাগীয় কর্মকর্তাকে একসাথে আলোচনার মাধ্যমে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম সমূহ উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন)বিধিমালা আলোকে সভায় উপস্থাপন করার অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২৩

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৩- ৯২৪/৯

তারিখঃ ০৫/১১/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ........................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

05/11/23

(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd